

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৮২০

আগরতলা, ২৩ জুলাই, ২০২৪

**৫ কোটি টাকা ব্যয়ে উমাকান্ত মিনি স্টেডিয়ামে ফ্লাড লাইট
রাজ্যে উন্নত ক্রীড়া পরিকাঠামো গড়ে তোলা হচ্ছে : মুখ্যমন্ত্রী**

রাজ্য সরকার বিভিন্ন ধরনের খেলাধুলাকে সব অংশের মানুষের কাছে জনপ্রিয় করে তোলার লক্ষ্যে উদ্যোগ গ্রহণ করে কাজ করছে। এই লক্ষ্যে রাজ্যে উন্নত ক্রীড়া পরিকাঠামো গড়ে তোলা হচ্ছে। ইতিমধ্যেই রাজ্যের বিভিন্ন জেলা ও মহকুমায় সিন্থেটিক টারফ ফুটবল মাঠ, বহুমুখী ক্রীড়া ভবন, অ্যাথলেটিক ট্র্যাক, সিন্থেটিক হকির মাঠ, সুইমিং পুল এবং ওপেন জিমন্যাসিয়ামের মতো ক্রীড়া পরিকাঠামো গড়ে তোলা হচ্ছে। আজ উমাকান্ত মিনি স্টেডিয়ামে নতুনভাবে স্থাপিত ফ্লাড লাইটের উদ্বোধনী অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরও বলেন, রাজ্যের ছেলেমেয়েরা যাতে জাতীয় এবং আন্তর্জাতিক স্তরের বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতায় সাফল্যের সাথে অংশগ্রহণ করতে পারে সেজন্য রাজ্য সরকার আন্তরিকতার সঙ্গে কাজ করছে।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, উন্নত ক্রীড়া পরিকাঠামো গড়ে উঠার ফলে রাজ্যে জাতীয়স্তরের ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা সম্ভব হচ্ছে। যার ফলে রাজ্যের ক্রীড়াবিদরাও জাতীয়স্তরে তাদের প্রতিভা প্রকাশের সুযোগ পাচ্ছেন। রাজ্যের জনগণের দীর্ঘদিনের আবেদনের ফলস্বরূপ উমাকান্ত মাঠকে সিন্থেটিক টারফ ফুটবল মাঠে রূপান্তরিত করা হয়েছে। এই সিন্থেটিক টারফ ফুটবল মাঠে উচ্চ ক্ষমতা সম্পন্ন ফ্লাড লাইট স্থাপনের জন্য প্রায় ৫ কোটি টাকা ব্যয় করা হয়েছে। ফ্লাড লাইট স্থাপনের ফলে সকাল ও বিকালের পাশাপাশি এখন থেকে রাতেও উমাকান্ত মাঠে ফুটবলের আসর আয়োজন করা সম্ভব হবে। অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন বিধায়ক দীপক মজুমদার, মুখ্যমন্ত্রীর সচিব ড. প্রদীপ কুমার চক্রবর্তী, বিশিষ্ট সমাজসেবী রাজীব ভট্টাচার্য প্রমুখ। ফ্লাড লাইট উদ্বোধনের পর উমাকান্ত মাঠে ত্রিপুরা ফুটবল অ্যাসোসিয়েশনের তৃতীয় ডিভিশন লিগের খেতাব নির্ণায়ক প্লে অব ম্যাচ অনুষ্ঠিত হয়। প্লে অব ম্যাচে মুখোমুখি হয় সরোজ সংঘ ও ঐকতান যুব সংস্থা।
